
# সুখবরের কাহিনী পুস্তক

## কার্যক্রমের পথনির্দেশ গ্রন্থ



এই পথনির্দেশ গ্রন্থে যে সমস্ত গল্পগুলি ব্যবহার করা হয়েছে সেগুলি সুখবরের কাহিনী পুস্তক থেকে নেওয়া।

Bible Memory Verses নেওয়া হয়েছে World Bible Translation Centre, Inc দ্বারা মুদ্রিত পবিত্র বাইবেল: Easy-To Read Version থেকে এবং এটি অনুমতি নিয়ে ব্যবহার করা হয়েছে।

সুখবরের কাহিনী পুস্তক কার্যক্রমের পথনির্দেশ গ্রন্থ. গ্রন্থস্বত্ব 2013. ভারতে মুদ্রিত।

অধিক জানতে হলে যোগাযোগ করুন:

WBTC India, P.O. Box 8478, Bangalore 560084.

Email: info@wbtcindia.com

# সূচি

ভূমিকা ........................................................ 2-3

অঙ্কন করে কি করে বলতে হয়? ........................... 4-5

পাঠ 1 ........................................................ 6-9

পাঠ 2 .................................................... 10-13

পাঠ 3 .................................................... 14-18

পাঠ 4 .................................................... 19-23

পাঠ 5 .................................................... 24-27

পাঠ 6 .................................................... 28-31

পাঠ 7 .................................................... 32-34

পাঠ 8 .................................................... 35-38

পাঠ 9 .................................................... 39-42

পাঠ 10 .................................................. 43-46

পাঠ 11 .................................................. 47-49

পাঠ 12 .................................................. 50-52

পাঠ 13 .................................................. 53-55

পাঠ 14 .................................................. 56-58

পাঠ 15 .................................................. 59-62

পাঠ 16 .................................................. 63-66

পাঠের পরিকল্পনা..............................................67

প্রার্থনা ..........................................................68

# ভূমিকা



**হাতে-কলমে কাজ করে সব মানুষ সব চেয়ে ভালোভাবে শিখতে পারে।**

হাতে-কলমে কাজ করে সব মানুষ সব চেয়ে ভালোভাবে শিখতে পারে।

*উদাহরণ: অঙ্কন, লেখা, সঙ্গীত, অভিনয়, লক্ষ্য করা অথবা কথা বলা।*

**যদি শিক্ষার বিষয়বস্তু মাত্র একটি হয় তাহলে সব মানুষ সব চেয়ে ভালোভাবে শিখতে পারে।**

গল্প, এ্যাকশন গীত, বিষয়কেন্দ্রিক শিক্ষা, বাইবেলের মুখস্থ  পদ নিয়ে খেলা এবং আমাদের আজকের জীবনে প্রয়োগ করবার মত শিক্ষা – এই সবগুলোতেই ঐ একই বার্তা অথবা একটিই শিক্ষার বিষয়বস্তু আছে। উদাহরণ: 'যীশু জগতের আলো' – শিক্ষার এই বিষয়বস্তুটি পাঠের প্রতিটি কার্যকলাপে (action) প্রকাশিত হয়।

যদি শিক্ষার বিষয়বস্তু মাত্র একটি হয় তাহলে সব মানুষ সব চেয়ে ভালোভাবে শিখতে পারে।

**পুনরাবৃত্তি, পুনরাবৃত্তি এবং পুনরাবৃত্তির ফলস্বরূপ সব মানুষ সব চেয়ে ভালোভাবে শিখতে পারে।**

*উদাহরণ:* সুখবরের কাহিনী পুস্তকের ধারাবাহিক গল্পগুলির থেকে একটি গল্প বলুন। ঐ একই গল্প একটি ছেলে বা মেয়েকে তার দলের কাছে বলতে বলুন এবং তারপর আর একটি ছেলে বা মেয়েকে ঐ একই গল্প বলতে বলুন অথবা গল্পটি আপনি বলবার পর ছেলেমেয়েদের ঐ গল্পটি এঁকে দেখাতে বলুন। অথবা, গল্পটি বলবার পর ছেলেমেয়েদের ঐ গল্পটি সম্পর্কে প্রশ্ন কর।

## সুখবরের কাহিনী পুস্তকের কার্যক্রমের নির্দেশগ্রন্থ

*সুখবরের কাহিনী পুস্তকে* 16টি পাঠ আছে। প্রতিটি পাঠে সুখবরের কাহিনী পুস্তকের ধারাবাহিক গল্পগুলির থেকে একটি গল্প, একটি এ্যাকশন গীত এবং একটি বিষয়কেন্দ্রিক পাঠ, একটি বাইবেলের মুখস্থ পদের খেলা এবং আমাদের জীবনে তার প্রয়োগ - এ সবই আছে। প্রতিটি পাঠেই ছেলেমেয়েরা কোন না কোন কার্যকলাপ (action) করছে।

পুনরাবৃত্তি, পুনরাবৃত্তি এবং পুনরাবৃত্তির ফলস্বরূপ সব মানুষ সব চেয়ে ভালোভাবে শিখতে পারে

একটি পাঠে কতটা বিষয়বস্তু অন্তর্ভুক্ত হবে তা নির্ভর করবে ছেলেমেয়েদের সঙ্গে আপনি কতটা সময় দিতে পারবেন এবং ছেলেমেয়েরা বুদ্ধির দিক দিয়ে কতটা উন্নত তার ওপর। প্রতি পাঠে সুখবরের কাহিনী পুস্তক থেকে অন্তত একটি গল্প, এ্যাকশন গীত এবং ব্যবহারিক জীবনে তার প্রয়োগ অন্তর্ভুক্ত করতে হবে যা শিক্ষার বিষয়বস্তুকে শেখাবে।

কার্যক্রমের প্রতিটি ধাপের সমাপ্তির পর, প্রত্যেকটি ছেলে বা মেয়েকে তার পঠিত পাঠে সুখবরের কাহিনী পুস্তক থেকে যে সব গল্প ব্যবহার করা হয়েছে সে সব গল্পের অনুলিপি দিতে হবে। দেখা



দরকার যে সুখবরের কাহিনী পুস্তকের এই কার্যক্রমের শেষে প্রতিটি ছেলে বা মেয়ে সুখবরের কাহিনী পুস্তকের মোট ছয়টি বই পেয়ে গেছে|

**একটি এ্যাকশন গীত:** এ্যাকশন গীতের কথা এবং এ্যাকশন হবে খুব, খুব, খুব সরল এবং সহজে শেখা যায় এমন| এ্যাকশন গীতটির সঙ্গে খাপ খায় এমন যে কোন ছন্দ আপনি সৃষ্টি করতে পারেন অথবা এমন একটি এ্যাকশন গীত ব্যবহার করতে পারেন যা আগে থেকেই ছিল এবং যা আপনার জানা অথবা আপনি নিজে একটি গীত লিখতে পারেন| যে কোন এ্যাকশন গীতই আপনি বেছে নিন না কেন সেটি অবশ্যই পাঠের ঐ একটি শিক্ষার বিষয়বস্তুকে শেখাবে|

ছেলেমেয়েরা যাতে এ্যাকশন গীতটি মনে রাখতে পারে তার জন্য যতবার প্রয়োজন ততবার এ্যাকশন গীতটি পুনরাবৃত্তি করুন|

**শিক্ষার একটি বিষয়সমন্বিত পাঠ:** শিক্ষার একটি বিষয়সমন্বিত পাঠ তাই দেখায় যা ছেলেমেয়েরা রোজ দেখতে পায়, যা ঈশ্বর সম্পর্কে সেই একটি শিক্ষনীয় বিষয়কে শেখায়|

*উদাহরণ:* 'যীশু জগতের আলো' এই একটি শিক্ষনীয় বিষয়ের যে একটি বিষয়বস্তুর পাঠ তা হল: ঘরের সমস্ত আলো নিভিয়ে দিন এবং ঘরটিকে অন্ধকার করে দিন| একটি মোমবাতি জ্বালান এবং দেখান কি করে মোমবাতির আলো স্বাভাবিক অন্ধকারকে ঠেলে পেছনে সরিয়ে দেয়| তারপর বলুন যে যীশু হলেন মোমবাতিটির আলোর মত| তিনি হলেন সেই আধ্যাত্মিক আলো যা সমস্ত মন্দ আত্মার এবং সমস্ত মন্দ কাজ যা আমরা বলেছি, ভেবেছি অথবা করেছি সেই আধ্যাত্মিক অন্ধকারকে ঠেলে দূরে সরিয়ে দেয়|

**একটি বাইবেলের মুখস্থ পদের খেলা:** পাঠের শিক্ষণীয় বিষয়টি যাতে ছেলেমেয়েরা শিখতে পারে এবং বাইবেলের মুখস্থ পদ মনে রাখতে সাহায্য করবার জন্য| বাইবেলের মুখস্থ পদের খেলাগুলি সুখবরের কাহিনী পুস্তকের কার্য্যক্রমের অন্তর্ভুক্ত| উদাহরণ: বাইবেলের মুখস্ত পদটি অভিনয় করে দেখান (কোন কথা না বলে বা শব্দ না করে) এবং ছেলেমেয়েরা একের পর এক পালাক্রমে অনুমান করবে কি অভিনয় করে দেখানো হচ্ছে| অন্যান্য খেলাগুলির মধ্যে সঞ্চিত ধনের সন্ধান করা, একটি অনুমানের ওপর ভিত্তি করে খেলার প্রতিযোগিতা এবং আরো অনেক, অনেক খেলা আছে|


**ব্যবহারিক প্রয়োগ:** আমাদের আজকের জীবনে শিক্ষনীয় বিষয়বস্তুটির কি মূল্য আছে এটা শেখা গুরুত্বপূর্ণ| উদাহরণ: 'যীশু জগতের আলো' এই শিক্ষণীয় বিষয়বস্তুটির ব্যবহারিক প্রয়োগ হল: যখন আমরা যীশুতে বিশ্বাস স্থাপন করি| তিনি সেই আধ্যাত্মিক আলো যা মন্দ আত্মাদের ঠেলে পেছনে সরিয়ে দেয়| আমাদের ওপর মন্দ আত্মাদের কোন শক্তি খাটে না|


# অঙ্কন করে কি করে বলতে হয়

প্রতিটি গল্প বলার সঙ্গে সঙ্গে কি করে অনুকরণ করে এঁকে দেখাতে হয় সে সব ব্যাখ্যাকর চিত্র এই পথনির্দেশ গ্রন্থটির সর্বাংশে দেওয়া হয়েছে। কি করে তাড়াতাড়ি আঁকতে হয় তা যাতে আপনি শিখতে পারেন তার জন্য এই পৃষ্ঠায় ধাপে ধাপে উদাহরণ দেওয়া আছে।


আপনি যখন এঁকে এঁকে গল্প বলা শেষ করবেন তখন ছেলেমোরা ঐ আঁকাগুলি অনুকরণ করে অথবা গল্পটির জন্য তারা তাদের নিজেদের মত করে ছবি আঁকতে সক্ষম হবে।


**শিক্ষনের জন্য সাহায্যকারি উপকরণ:** আঁকবার জন্য ব্ল্যাকবোর্ড এবং খড়ি, অথবা ধুলো এবং কাঠি অথবা কাগজ ও পেনসিল। আঁকবার জন্য ছেলেমেয়েদের চাই আঁকবার প্যাড অথবা কাগজ, পেনসিল এবং মুছে ফেলবার জন্য রবার।















# পাঠ 1



## একটি শিক্ষণীয় বিষয়বস্তু

*সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন*

## বাইবেলের গল্প

*এমন গল্প ব্যবহার করুন যা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন এই শিক্ষা দেবে*

**সুখবরের কাহিনী পুস্তক 1 | পৃষ্ঠা 2-9 |** *সৃষ্টিকর্তা ঈশ্বর*

### সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন

**শিক্ষণের জন্য সহায়ক উপকরণ:** আঁকবার জন্য ব্ল্যাকবোর্ড ও খড়ি, অথবা ধুলো আর কাঠি, অথবা কাগজ ও পেনসিল | আঁকবার জন্য ছেলেমেয়েদের চাই ড্রয়িং প্যাড অথবা কাগজ, পেনসিল এবং মুছে ফেলবার রবার |

আঁকুন এবং গল্প বলুন | প্রতি পৃষ্ঠা পড়া শেষ করবার পর ছেলেমেয়েদের প্রশ্ন করুন |



1, 2, 3 গল্প বলতে শুরু করুন...

আমি তারাগুলি দেখতে পাচ্ছি | তারাগুলি গান গাইছে |

প্রশ্ন: **সৃষ্টিকর্তা ঈশ্বর কি সৃষ্টি করেছেন?**
ছোট ছেলেমেয়েদের উত্তর: অনেক তারা |



আমি পশুগুলি দেখতে পাচ্ছি | পশুগুলি গান গাইছে |প্রশ্ন: **সৃষ্টিকর্তা ঈশ্বর কি সৃষ্টি করেছেন?**
ছোট ছেলেমেয়েদের উত্তর: জীবজন্তু সমূহ |



আমি আত্মাদের দেখতে পাচ্ছি | আত্মারা গান গাইছে |

**প্রশ্ন সৃষ্টিকর্তা ঈশ্বর কি সৃষ্টি করেছেন?**
ছোট ছেলেমেয়েদের উত্তর: আত্মাসমূহ |



আমি প্রথম পুরুষ ও নারীকে দেখতে পাচ্ছি | প্রথম পুরুষ ও নারী গান গাইছে |

**প্রশ্ন সৃষ্টিকর্তা ঈশ্বর কি সৃষ্টি করেছেন?**
ছোট ছেলেমেয়েদের উত্তর:প্রথম পুরুষ ও নারী |

# পাঠ 1




## সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি, 'আমি তোমাকে ভালোবাসি!' আমি গান গাইতে শুরু করে দিয়েছি।

**প্রশ্ন সৃষ্টিকর্তা ঈশ্বর কি বলেছেন?**
ছোট ছেলেমেয়েদের উত্তর: আমি তোমাকে ভালোবাসি!

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি, 'আমার সুন্দর জগতের দেখাশোনা করো।'

প্রশ্ন: **সৃষ্টিকর্তা ঈশ্বর কি বলেছেন?**
ছোট ছেলেমেয়েদের উত্তর: আমার নিখুঁত জগতের দেখাশোনা কোরো।



আমি শুনতে পাচ্ছি সব কিছু গাইছে... গাইছে... গাইছে।

সব কিছু সৃষ্টিকর্তা ঈশ্বরের উদ্দ্যেশে গাইছে। সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন।

**ছোট ছেলেমেয়েদের বলুন গল্পটি এঁকে দেখাতে।**

## এ্যাকশন গীত (নানা অঙ্গভঙ্গি করে গান করা)

***এমন এ্যাকশন গীত ব্যবহার করুন যা শেখায় সৃষ্টিকর্তা ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন***

সুন্দর সুন্দর এই সংসার
যেখানে দেখ সবই সুন্দর
যেখানে দেখ সবই ভালো
জগতকে ঈশ্বর সৃষ্টি করেছেন।

লাল, গোলাপী, চম্পা চামেলী
নীল পিঙ্গল ফুল সবই
গন্ধ ছড়ায়ে সারা জগত
জগতকে ঈশ্বর সৃষ্টি করেছেন।

বড় বড় হাতিকে,
ছোট ছোট খরগোশকে
গরু ছাগল ভেড়াকে
ঈশ্বর সৃষ্টি করেছেন (2)

নদী পাহাড় সাগরকে
সূর্য্য চন্দ্র তারাকে
স্ত্রী-পুরুষকে আপন স্বরূপ
ঈশ্বর সৃষ্টি করেছেন। (2)

# পাঠ 1

## বিষয়কেন্দ্রিক পাঠ

*সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন*

সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন

**দেখুন এবং পর্য্যবেক্ষণ করুন:** মেঘখন্ডগুলির গিকে তাকিয়ে দেখুন, প্রতিটি মেঘখন্ডই মেঘ কিন্তু প্রত্যেকটি মেঘখন্ড একে অপর থেকে আলাদা। রাতে তারাগুলির দিকে তাকিয়ে দেখুন, প্রতিটি তারাই একটি তারা, কিন্তু প্রত্যেকে একে অপর থেকে আলাদা। গরুগুলোর দিকে তাকিয়ে দেখুন, প্রতিটি গরুই একটি গরু, কিন্তু প্রত্যেকটি গরু একে অপর থেকে আলাদা। মানুষের দিকে তাকিয়ে দেখুন, প্রতিটি মানুষই মানুষ, কিন্তু প্রত্যেকটা মানুষ আলাদা। নারীদের দিকে তাকিয়ে দেখুন, প্রতিটি নারীই নারী, কিন্তু প্রত্যেক নারী আলাদা।

প্রত্যেকটি সৃষ্টির সৃষ্টিকর্তা একই। সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন। সৃষ্টিকর্তা ঈশ্বর প্রত্যেকটিকে একইরকম সৃষ্টি করেছেন, কিন্তু প্রত্যেকে প্রত্যেকের থেকে আলাদা।

## বাইবেলের মুখস্থ পদের খেলা

*বাইবেলের এমন পদ ব্যবহার করবেন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন*

ব্যাখ্যা করে বোঝান যে সৃষ্টিকর্তা ঈশ্বরের আর এক নাম *প্রভু*।




**গীতসংহিতা পদ 146 স্তবক 1 এবং 6** *'প্রভুর প্রশংসা কর! হে আমার আত্মা, প্রভুর প্রশংসা কর! প্রভুই স্বর্গ এবং পৃথিবী সৃষ্টি করেছেন। প্রভু সমুদ্র এবং তার ভেতরের সব জিনিস সৃষ্টি করেছেন।'*

**সঞ্চিত ধনের সন্ধান:** একখন্ড কাগজের ওপর লিখুন 'প্রভুর প্রশংসা কর!' (কাগজটি উল্টে রাখুন এবং একটি লোককে আঁকুন যিনি উপাসনা করছেন)। আর এক খন্ড কাগজের ওপর লিখুন 'প্রভুর প্রশংসা কর', (কাগজটি উল্টে রাখুন এবং একজন লোককে আঁকুন যিনি উপাসনা করছেন)।



অন্য আর এক খন্ড কাগজে লিখুন 'হে আমার আত্মা, প্রভুর প্রশংসা কর!'

(কাগজটি উল্টে দিন এবং একজন লোক তার হৃদয় দিয়ে উপাসনা করছে এমন একটি ছবি আঁকুন)।



অন্য আর এক খন্ড কাগজে লিখুন 'প্রভুই স্বর্গ এবং পৃথিবী সৃষ্টি করেছেন।' (কাগজটি উল্টে দিন এবং স্বর্গ ও পৃথিবীর ছবি আঁকুন)। অন্য আর এক খন্ড কাগজে লিখুন 'প্রভু সমুদ্র এবং তার ভেতরের সব জিনিস সৃষ্টি করেছেন।'। (কাগজটি উল্টে দিন এবং সমুদ্র ও মাছ আঁকুন)। ছোট ছেলেমেয়েরা আসবার আগেই প্রতিটি কাগজের খন্ড আলাদা আলাদা জায়গায় লুকিয়ে রাখুন। পাঁচটি আলাদা কাগজের খন্ডে প্রত্যেকটি লুকোনো জায়গাগুলির একটি করে সহজ মানচিত্র আঁকুন।

ছোটছেলেমেয়েদের পাঁচটি দলে ভাগ করুন। (যদি ছেলেমেয়েদের সংখ্যা পাঁচের কম হয় তাহলে সব ছোট ছেলেমেয়েদের নিয়ে মাত্র একটা দল করুন এবং ঐ দলটিকে প্রত্যেকটি মানচিত্র নিয়ে কাজ করতে দিন)। ছোট ছেলেমেয়েদের দলের মধ্যে যারা বড় তারা নেতৃত্ব দেবে এবং ছোটদের সাহায্য করবে। প্রতিটি দলকে তাদের মানচিত্র দিন, অথবা, ইচ্ছে করলে আপনি ওদের

# পাঠ 1

‘সঞ্চিত ধন’ কোথায় লুকোনো আছে তার সূত্র দিতে পারেন।

যে দলটি তাদের অংশের বাইবেলের মুখস্থ পদটি প্রথম খুঁজে পাবে সেই দলটিই বিজয়ী হবে।

1, 2, 3 শুরু করুন...

যখন পাঁচটা দলের সব ক’টা দলই তাদের অংশের বাইবেলের মুখস্থ পদের কাগজ খন্ড খুঁজে পাবে, তখন তারা তাদের দলের জন্য একজন নেতা বেছে নেবে। প্রতিটি দলের নেতাকে বলুন বাইবেলের মুখস্থ পদের বাক্যগুলি অথবা আঁকাগুলি একত্র করে ঠিক ভাবে সাজাতে। প্রত্যেক দলের নেতা অন্য দলের নেতাদের সঙ্গে কাজ করবে। তাদের সাজানো যখন ঠিক হবে তখন তাদের সে কথা আপনি জানাবেন।

তারপর দলের নেতৃবৃন্দ যথাযথভাবে সাজানো বাইবেলের মুখস্থ পদটি তুলে ধরবে অথবা বাইবেলের মুখস্থ পদটির যথাযথ বিন্যাসের ধারা বলবে যাতে সব ছোট ছেলেমেয়েরা এক এক বারে একটিমাত্র বাক্য জোরে জোরে বলতে পারে।

সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন

যদি ছোট ছেলেমেয়েরা পড়তে না শিখে থাকে তাহলে আঁকাগুলির দিকে অঙ্গুলি নির্দেশ করে ছোট ছেলেমেয়েদের কাছে বাইবেলের মুখস্থ পদগুলো এমনভাবে বলুন যেন ছোট ছেলেমেয়েরা তা মনে রাখতে পারে। যতক্ষণ পর্যন্ত না তাদের মনে থাকে ততক্ষণ পর্যন্ত ছোট ছেলেমেয়েদের বলুন বাইবেলের মুখস্থ পদটি জোরে জোরে বলতে। বাইবেলের মুখস্থ পদটি ছোট ছেলেমেয়েদের কাছ থেকে লুকিয়ে রাখুন এবং ছোট ছেলেমেয়েদের বাইবেলের মুখস্থ পদটি বলতে বলুন।

## ব্যবহারিক প্রয়োগ

*এমন ব্যবহারিক প্রয়োগ করুন যা শেখায়, সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন*

সৃষ্টিকর্তা ঈশ্বর সব কিছু সৃষ্টি করেছেন, তোমাদের এবং আমাকেও। একমাত্র সৃষ্টিকর্তা ঈশ্বর আরাধনা পাবার যোগ্য কারণ সৃষ্টিকর্তা ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন।

**প্রার্থনা:** সৃষ্টিকর্তা ঈশ্বর তুমি সব কিছু সৃষ্টি করেছ। একমাত্র তোমাকেই আমরা উপাসনা করি কারণ তুমি সবকিছু সৃষ্টি করেছ। সব কিছু সৃষ্টি করবার জন্য তোমাকে ধন্যবাদ। আমাকে ভালবাসার জন্য তোমাকে ধন্যবাদ। আমেন।